22/7/2000

দৈনিক ইনকিলাব

তারিখ ............
পৃষ্ঠা 7 ... কলাম 2 ...

# মুহসীন হলে পুলিশের লোক দেখানো তল্লাশি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসীন হলে পুলিশ গতকাল (শনিবার) লোক দেখানো, নিস্ফল তল্লাশি অভিযান চালিয়ে একটি দেশী তৈরী রিভলবার ও ৩৭ রাউন্ড তাজা গুলী উদ্ধার করে। এ হলটিতে বিপুল পরিমাণ অস্ত্র মজুদ থাকলেও পুলিশ তা উদ্ধার এবং কোন সন্ত্রাসীকে গ্রেফতার করতে ব্যর্থ হয়। পুলিশের তল্লাশির আগাম সংবাদ পেয়ে হলের ক্যাডাররা অস্ত্রসহ নিরাপদ আস্তানায় সরে. পড়ে। এর আগে গত বুধবার গভীর রাতে পুলিশ ও বিডিআর যৌথ তল্লাশি নাটক করে এফ রহমান হল থেকে ১টি কাটা রাইফেল, ১টি পিস্তল, ২টি চাপাতি ও ২৮ রাউন্ড গুলী উদ্ধার করে।

হলসূত্র জানায়, গোপন সূত্রে খবর পেয়ে রমনা থানার একদল পুলিশ গতকাল দুপুর সাড়ে ৩টায় মুহসীন হলে হানা দেয়। রমনা থানার ভারপ্রাপ্ত ওসি আরমান, সাব-ইন্সপেক্টর মোজাম্মেল হক, শাহাদত ও গোলাম মোস্তফা তল্লাশি অভিযানে নেতৃত্ব দেন। পুলিশ হলের কেবলমাত্র ৪৫৭ ও ৪৬১ নম্বর রুমে তল্লাশি চালায়। রুম দুটি এ সময় তালাবদ্ধ ছিল। পুলিশ তালা ভেঙ্গে রুম দু'টিতে তন্ন তন্ন করে খুঁজে ৪৬১ নম্বর থেকে ২০ রাউন্ড বন্দুকের গুলী এবং ৪৫৭ নম্বর রুম থেকে ৩ রাউন্ড কার্তুজসহ ১টি দেশী তৈরী উন্নতমানের রিভলবার ও ১৪ রাউন্ড বন্দুকের গুলী পরিত্যাক্ত অবস্থায় উদ্ধার করে। এ রুম দু'টিতে ছাত্রলীগের ক্যাডাররা থাকে বলে জানা গেছে। আধা ঘন্টাব্যাপী এ উদ্ধার অভিযানে হলের আবাসিক শিক্ষক ফজলুল হক ও হাওলাদার মোশাররফ হোসেন পুলিশের সাথে ছিলেন। এ হলটিতে শর্টগানসহ বিপুল পরিমাণ অস্ত্র ও গোলা-বারুদ মজুদ থাকা সত্ত্বেও পুলিশ তা উদ্ধার করতে কার্যতঃ ব্যর্থতার পরিচয় দেয়। 'এ দুই রুম ছাড়া অন্য কোন রুমে কেন তল্লাশি করা হলো না'– এ প্রতিবেদকে এ প্রশ্নের জবাবে পুলিশ জানায়, 'অন্য কোন রুমে অস্ত্রের সন্ধান পেলে অবশ্যই আমরা তা তল্লাশি করবো'।